



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-৩১২/ ২১৭৮

তারিখঃ ২০/০৩/২০১৭খ্রিঃ


বিষয়ঃ সুস্পষ্ট ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ ১) স্মারক নং- ০০০৫.৩০.৬১৫২.০০৩.০১.০০১.১৭-১৪৪(ক); তারিখঃ ১৯/০২/২০১৭খ্রিঃ
২) নং- বামাশিবো/প্রশা/ময়মনসিংহ-৩১২/১৩২৩/৪; তারিখঃ ২৭/০৯/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন মেছবাছুল উলুম দাখিল মাদরাসার সুপার ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য কমিটি গঠন সংক্রান্ত কাগজপত্র বোর্ডে দাখিল করেন। অপরদিকে নবগঠিত ম্যানেজিং কমিটির প্রস্তাবিত সভাপতির পদ বাতিলের জন্য দাতা সদস্য মোঃ নজরুল ইসলাম একখানা অভিযোগপত্র দাখিল করেন।

২) অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সদর, ময়মনসিংহকে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ময়মনসিংহ এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ২নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, প্রস্তাবিত কমিটির সভাপতি জনাব মোঃ আমিনুল ইসলাম এর বিরুদ্ধে শিক্ষক নিয়োগের কথা বলে টাকা গ্রহণ করার বিষয়টি সঠিক মর্মে প্রমানিত হয়েছে কিন্তু উক্ত ঘটনাটি পূর্বের ম্যানেজিং কমিটির মেয়াদে সভাপতি থাকাকালীন সংঘটিত হয়েছে।

বর্ণিত অবস্থায় অভিযুক্ত ব্যক্তিকেই কেন পুনরায় সভাপতি হিসাবে নির্বাচিত করে ম্যানেজিং কমিটি গঠন পূর্বক অনুমোদনের জন্য কাগজপত্রসহ আবেদন করা হয়েছে সে বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যা আগামী ১০ (দশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।


২০/৩/১৭
প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮


প্রাপকঃ সুপার, মেছবাছুল উলুম দাখিল মাদরাসা, সদর, ময়মনসিংহ।

নং- বামাশিবো/প্রশা/ ময়মনসিংহ-৩১২/

তারিখঃ ১০/৩/২০১৭খ্রিঃ

সদর অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, ময়মনসিংহ।
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ময়মনসিংহ।
৪. জনাব মোঃ নজরুল ইসলাম, দাতা সদস্য, মেছবাছুল উলুম দাখিল মাদরাসা, সদর, ময়মনসিংহ।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।


মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪